দৈনিক
ইনকিলাব

তারিখ ... 23 MAR 2008
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৩

# ঢাবির সূর্যসেন হলে ছাত্রদল-ছাত্রলীগে সংঘর্ষে আহত ৪

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলে গত রাতে ছাত্রদল-ছাত্রলীগের সংঘর্ষে ৪ ছাত্রদল কর্মী আহত হয়েছে। আহত ছাত্রদল কর্মী সাইদ, মুকুল, আরিফ ও জাকিরকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতরাত সোয়া ১১টায় সূর্যসেন হল ছাত্রদল নেতা সাইদের ২৬২ নম্বর কক্ষে এক ছাত্রলীগ কর্মীকে তোলাকে কেন্দ্র করে অপ্রীতিকর ঘটনা ঘটে। ছাত্রলীগ নেতাকে ছাত্রদল নেতার রুমে তোলার ঘটনা তাৎক্ষণিকভাবে

পৃঃ ১৮ঃ কঃ ১

## ঢাবির সূর্যসেন হলে

১২-এর পৃষ্ঠার পর

ছাত্রলীগ নেতাদের দুটি কক্ষে ছাত্রদল কর্মীরা হামলা চালায়। এ সময় ৪ জন ছাত্রদল কর্মী আহত হয়। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাত সোয়া ১২টায় এ রিপোর্ট লেখার সময় হলের পরিবেশ শান্ত হয়ে আসে।